ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৭২৩

খোয়াই, ১৫ মে, ২০২৫

**খোয়াই জিলা পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত**

আজ খোয়াই জিলা পরিষদের কনফারেন্স হলে জিলা পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। স্থায়ী কমিটির সভাপতি রঞ্জিত কুমার সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহ রায় (দত্ত) এবং সহকারি সভাধিপতি সত্যেন্দ্র চন্দ্র দাস, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর, স্বাস্থ্য দপ্তর, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা ইত্যাদি দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

সভায় খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহ রায় (দত্ত) সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কাজের সুফল সমাজের শেষ প্রান্তে বসবাসকারী ব্যক্তির কাছে গিয়েও যাতে পৌঁছায় তা সুনিশ্চিত করার আহ্বান জানান। স্থায়ী কমিটির সভাপতি রঞ্জিত কুমার সরকার মানুষের কল্যাণে গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক কাজ সঠিক সময়ে শেষ করার উপর গুরুত্ব আরোপ করেন। সভায় জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক জানান, জেলায় হাসপাতালে শিশুর প্রসবের সংখ্যা বিগত বছরগুলির তুলনায় বৃদ্ধি পাচ্ছে। গত বছর ১,৭৭০টি শিশুর জন্ম হয়েছে বিভিন্ন হাসপাতালে। জেলায় ১ লক্ষ ২ হাজার ৮৪৩ জন সুবিধাভোগীকে আয়ুষ্মান ভারত হেলথ কার্ড প্রদান করা হয়েছে।

******